

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৯ অগ্রহায়ণ ১৪২১ /২৩ নভেম্বর ২০১৪

নম্বর : ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৩.৩৬০—বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী জিম্বাবুয়ে ক্রিকেট দলের বিরুদ্ধে বাংলাদেশে অনুষ্ঠিত বসুন্ধরা সিমেন্ট আন্তর্জাতিক ক্রিকেট টেস্ট সিরিজে জিম্বাবুয়ে ক্রিকেট দলকে ৩-০ ব্যবধানে হারিয়ে সিরিজ জয় করেছে। বাংলাদেশের সাকিব আল হাসান ম্যান অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন। ২৫১ রান এবং এক ম্যাচে ১০ উইকেটসহ মোট ১৮টি উইকেট সংগ্রহের মাধ্যমে তিনি টেস্ট ক্রিকেটের শীর্ষ অলরাউন্ডারের মর্যাদা ফিরে পেয়েছেন।

২। জিম্বাবুয়ের ক্রিকেট দলের বিরুদ্ধে এই বিজয় বাংলাদেশ ক্রিকেট দলকে আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগাবে। এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক।

৩। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সফল অধিনায়ক মুশফিকুর রহিমসহ সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও ক্রিকেটে কাজিক্ষিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে দ্য আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৪। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ অগ্রহায়ণ ১৪২১/১৭ নভেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইএঝ
মন্ত্রিপরিষদ সচিব

(১৯৬৩৭)

মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ০৩ অগ্রহায়ণ ১৪২১
১৭ নভেম্বর ২০১৪

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী জিম্বাবুয়ে ক্রিকেট দলের বিরুদ্ধে বাংলাদেশে অনুষ্ঠিত বসুন্ধরা সিমেন্ট আন্তর্জাতিক ক্রিকেট টেস্ট সিরিজে জিম্বাবুয়ে ক্রিকেট দলকে ৩-০ ব্যবধানে হারিয়ে সিরিজ জয় করেছে। বাংলাদেশের সাকিব আল হাসান ম্যান অব দ্য সিরিজ নির্বাচিত হয়েছেন। ২৫১ রান এবং এক ম্যাচে ১০ উইকেটসহ মোট ১৮টি উইকেট সংগ্রহের মাধ্যমে তিনি টেস্ট ক্রিকেটের শীর্ষ অলরাউন্ডারের মর্যাদা ফিরে পেয়েছেন।

জিম্বাবুয়ের ক্রিকেট দলের বিরুদ্ধে এই বিজয় বাংলাদেশ ক্রিকেট দলকে আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগাবে। এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সফল অধিনায়ক মুশফিকুর রহিমসহ সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা, বাংলাদেশ ক্রিকেট বোর্ড এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে। নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও ক্রিকেটে কাঞ্চিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে মন্ত্রিসভা দৃঢ় আশাবাদ ব্যক্ত করছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
 তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd